

## নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো :

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মানসিক স্বাস্থ্য বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে সামাজিক সংগঠন স্বজন এর উদ্যোগে সচেতনতামূলক এ সেমিনারের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, শিক্ষার্থীদের একাডেমিক সাফল্যের পাশাপাশি তাদের মানসিক সুস্থতার বিষয়টিও সমানভাবে গুরুত্ব দেওয়া প্রয়োজন। পড়াশোনা, পারিবারিক প্রত্যাশা, ভবিষ্যৎ ক্যারিয়ার, সম্পর্কসহ নানা কারণে শিক্ষার্থীদের মধ্যে মানসিক চাপ তৈরি হতে পারে। এসব পরিস্থিতিতে সমস্যাগুলো নিজের মধ্যে চেপে না রেখে পরিবার, বন্ধু, শিক্ষক কিংবা প্রয়োজন অনুযায়ী পেশাদার পরামর্শদাতার সঙ্গে কথা বলা জরুরি। উপাচার্য আরও বলেন, মানসিক স্বাস্থ্য ও শারীরিক সুস্থতা পরস্পরের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত। তাই শিক্ষার্থীদের নিয়মিত শারীরিক ব্যায়াম, পর্যাপ্ত ঘুম, সুস্বাদু খাদ্যাভ্যাস, সামাজিক যোগাযোগ এবং ইতিবাচক জীবনযাপনের প্রতি মনোযোগী হতে হবে। একই সঙ্গে বন্ধু, সহপাঠী ও স্বজনদেরও আশপাশের মানুষের আচরণ ও মানসিক অবস্থার পরিবর্তনের প্রতি সচেতন দৃষ্টি রাখা প্রয়োজন বলে উল্লেখ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।
২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) '৩য় সমাবর্তন অনুষ্ঠান-২০২৭' সূষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে গঠিত কোর কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের ৩য় সমাবর্তন অনুষ্ঠান সূষ্ঠ, সুশৃঙ্খল ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সবার সহযোগিতা কামনা করেন এবং সার্বিক কার্যক্রম ও প্রস্তুতির বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। সভায় অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, হল প্রভোস্ট এবং কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।
৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নোবিপ্রবি সায়েন্স ক্লাবের ওয়েবসাইটের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি উপাচার্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য নোবিপ্রবি সায়েন্স ক্লাবের নিজস্ব একটি ওয়েবসাইট তৈরির জন্য সংগঠনের সদস্যদের অভিনন্দন জ্ঞাপন করেন এবং এ ওয়েবসাইটের মাধ্যমে ক্লাবের বিজ্ঞানভিত্তিক নানা কার্যক্রম আরও গতিশীল হবে বলে আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও নোবিপ্রবি সায়েন্স ক্লাবের উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন। এ সময় অন্যান্যের মাঝে নোবিপ্রবি সায়েন্স ক্লাবের সভাপতি সুবাহ তাসনিয়া ও সাধারণ সম্পাদক সাদমান রাকিনসহ শিক্ষক, শিক্ষার্থী ও ক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, উদ্বোধনকৃত nstusc.org ওয়েবসাইটটির মাধ্যমে নোবিপ্রবি সায়েন্স ক্লাবের সকল তথ্য, নিউজ এবং কার্যক্রমের হালনাগাদ তথ্য পাওয়া যাবে। ওয়েবসাইট তৈরিতে সহযোগিতা করেছে নোবিপ্রবি সিএসটিই বিভাগের শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত সফটওয়্যার স্টার্টআপ হুহুংবী।
৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৬ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. ইসমাইল জব্বিউল্লাহ। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সভাপতিত্বে অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী-৪ আসনের সংসদ সদস্য আলহাজ্ব মো. শাহজাহান (এমপি)। অনুষ্ঠানের শুরুতেই জাতীয় সংগীত পরিবেশন, পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ ও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। এরপর নবীন শিক্ষার্থীদের স্বাগত জানানো হয়।



অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. ইসমাইল জবিউল্লাহ নবীন শিক্ষার্থীদের উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করে বলেন, দীর্ঘদিনের অধ্যাবসায়, ত্যাগ এবং পরিশ্রমের মাধ্যমে তোমরা এখানে আসার সুযোগ পেয়েছো। বিশ্ববিদ্যালয় তোমাদের শুধু ডিগ্রি প্রদান করবে না, এখানে তোমরা শিখবে কিভাবে ভিন্নমতকে সম্মান জানাতে হয় এবং দেশের সমাজ, রাজনীতি ও অর্থনীতিতে ভূমিকা রাখতে হয়। সময়ের বরপুত্র হয়ে তোমাদের নিজের ভবিষ্যৎ নিজেকেই গড়ে তুলতে হবে। এখানে অনেক বাস্তবতা ও নতুন অভিজ্ঞতা আসবে, কিন্তু জ্ঞান অর্জন থেকে কখনও দূরে সরে আসবে না। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব প্রদান করছে। যার বাস্তব প্রয়োগ আমরা এবারের বাজেটে দেখেছি। তোমরা জ্ঞান এবং সৃজনশীলতা দিয়ে বাংলাদেশকে আলোকিত করবে, যেনো তোমাদের দ্যুতি সারাবিশ্বে ছড়িয়ে পড়ে।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'ব্রিজিং দ্যা গ্যাপ: স্ট্রেটজি ইন্ডাস্ট্রি-একাডেমিয়া পার্টনারশিপস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৬ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব গ্রহণের পর থেকে জ্ঞান এবং দক্ষতা ভিত্তিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে ইন্ডাস্ট্রির সঙ্গে সম্পর্ক তৈরীর বিষয়ে সর্বাধিক গুরুত্বারোপ করেছেন। এতে করে আপনারা দক্ষ ও যোগ্যতাসম্পন্ন গ্যাজুয়েট পাবেন। তিনি আরও বলেন আমাদের এ আয়োজনটির উদ্দেশ্য মূলত চারটি। প্রথমত, শিক্ষার্থীদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করা, দ্বিতীয়ত, শিল্প খাতের বিশেষজ্ঞদের অতিথি শিক্ষক হিসেবে বিশ্ববিদ্যালয়ের পাঠদানে যুক্ত করা, তৃতীয়ত, কর্মবাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে পাঠ্যক্রম প্রণয়নে শিল্পের প্রতিনিধিদের মতামত নেওয়া এবং চতুর্থত, বিশ্ববিদ্যালয়ে গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে তৈরি জ্ঞান ও প্রযুক্তিকে শিল্পের সঙ্গে যুক্ত করে শিল্পায়নের সুযোগ তৈরি করা। সেমিনারে সভাপতির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, বিশ্ববিদ্যালয়ের গবেষণাগার ও গবেষণা কার্যক্রমের সঙ্গে শিল্পখাতের বাস্তব চাহিদার সংযোগ স্থাপন করা গেলে গবেষণার ফলাফল সমাজ ও অর্থনীতিতে আরও কার্যকর অবদান রাখতে পারবে। একই সঙ্গে শিল্প প্রতিষ্ঠানগুলোর বাস্তব সমস্যাকে গবেষণার বিষয় হিসেবে গ্রহণ করে নতুন প্রযুক্তি পণ্য ও সেবা উদ্ভাবনের সুযোগ সৃষ্টি করা সম্ভব। এই সেমিনারের মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতার একটি ক্ষেত্র উন্মোচিত হবে বলে আশাবাদ ব্যক্ত করছি। এছাড়াও আজকের আলোচনা ও মতামতগুলো বাস্তবায়নের মাধ্যমে একাডেমিয়া ও শিল্পখাতের মধ্যে একটি শক্তিশালী, টেকসই ও ফলপ্রসূ অংশীদারিত্ব গড়ে উঠবে বলে আমার বিশ্বাস।
৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ডেঙ্গু প্রতিরোধে করণীয় বিষয়ক কর্মশালা ও মশক নিধন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠিত হয়। সোমবার (২১ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হলে রাষ্ট্রীয় কর্মসূচির অংশ হিসেবে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, ডেঙ্গু প্রতিকারের চেয়ে প্রতিরোধ সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। নোবিপ্রবিতে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধের লক্ষ্যে প্রশাসনের পক্ষ থেকে বেশ কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা ও সচেতনামূলক কার্যক্রম গ্রহণ। এ সময় ডেঙ্গু প্রতিরোধে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীদের প্রতি নিজেদের আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ যেখানে সেখানে ময়লা আবর্জনা না ফেলার ওপর গুরুত্বারোপ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। কর্মশালায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন। উল্লেখ্য, ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচির অংশ হিসেবে এ দিন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ফগার মেশিন দ্বারা মশক নিধন কার্যক্রম উদ্বোধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পরিচালনা করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।
৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিদ্যুৎ উপকেন্দ্র উদ্বোধনের মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ শুরু হয়েছে। সোমবার (২১ সেপ্টেম্বর ২০২৬) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নির্মিত ৩৩০০০/১১০০০ ভোল্ট এবং ১০/১৪ এমভিএ ক্ষমতাসম্পন্ন এ বৈদ্যুতিক উপকেন্দ্রের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য বলেন, এ উপকেন্দ্র চালুর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হলো এবং এর মাধ্যমে নোবিপ্রবিতে বিদ্যুৎ সমস্যার একটি স্থায়ী সমাধান হবে বলে আমি মনে করি। তিনি আরও বলেন, একমাত্র জাতীয় গ্রিডের সমস্যা অথবা প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত এই উপকেন্দ্রের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক থাকবে। এ সময় সৃষ্টভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনা ও শিক্ষার্থীদের কল্যাণে এ ধরনের আরও পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানান উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। উদ্বোধনকালে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের প্রধান প্রকৌশলী ও পরিচালক (অ.দা) মো. জামাল হোসেন ও পরিকল্পনা, উন্নয়ন ও

ওয়ার্কস দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) প্রকৌঃ মোহাম্মদ শরীফ হোসেন। অন্যায়ের মাঝে উপস্থিত ছিলেন, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) এর ডিজিএম ও পবিস সোনাপুর, নোয়াখালী'র ডিজিএমসহ নোবিপ্রবির শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিদ্যালয় ইন্টার্নশিপ বিষয়ক মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ প্রদর্শন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি শিক্ষা বিভাগের আয়োজনে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ সভা ও শিক্ষা উপকরণ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষা তখনই পূর্ণতা লাভ করে যখন শ্রেণিকক্ষের তাত্ত্বিক জ্ঞান বাস্তব কর্মক্ষেত্রের অভিজ্ঞতার সঙ্গে যুক্ত হয়। ইন্টার্নশিপের মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা সরাসরি বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাচ্ছে। তারা শ্রেণিকক্ষে পাঠদান, পাঠ পরিকল্পনা প্রণয়ন, মূল্যায়ন পদ্ধতি এবং শিক্ষা প্রতিষ্ঠানের সামগ্রিক পরিবেশ সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করবে। উপাচার্য আরও বলেন, আমাদের শিক্ষার্থীরা তাদের সৃজনশীলতা ও উদ্ভাবনী চিন্তার মাধ্যমে যে উপকরণ তৈরী করেছে, তা তাদের মেধা ও দক্ষতার বহিঃপ্রকাশ। এ সময় ভবিষ্যতে এসব উদ্ভাবনী চিন্তাকে আরও বেগবান করার চেষ্টা অব্যাহত রাখতে হবে বলে জানান উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন ও জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী মো. আবুল কাশেম।
৯. এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীদের জন্য আয়োজিত কৃতী শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। ‘স্বপ্ন দেখো জীবন গড়ো’ শ্লোগান নিয়ে সারা দেশে ২০২৬ সালে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের ৬৪ জেলায় সংবর্ধনা প্রদানের অংশ হিসেবে জাতীয় দৈনিক প্রথম আলো, নোয়াখালী অফিস, জেলার শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠানের আয়োজন করে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর ২০২৬) তারিখে অনুষ্ঠিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী কৃতী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আজকের এই সংবর্ধনা তোমাদের মেধার স্বীকৃতি এবং ভবিষ্যতে বড় স্বপ্ন দেখার এক অনন্য অনুপ্রেরণা। জিপিএ ৫ পেয়ে তোমরা মেধার যে স্বাক্ষর রেখেছ, সেজন্য নোবিপ্রবি পরিবার ও আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন। এই অর্জনের পেছনে রয়েছে তোমাদের অভিভাবক ও শিক্ষকদের অক্লান্ত পরিশ্রম ও ত্যাগ। সন্তানদের সফল করতে অভিভাবকদের এই ত্যাগকে আমি স্বাগত জানাই। তবে মনে রাখবে, জিপিএ ৫ জীবনের একটি গুরুত্বপূর্ণ ধাপ হলেও এটিই চূড়ান্ত সাফল্য নয়। প্রকৃত সাফল্য নির্ভর করে তোমরা কতটা মানবিক, দায়িত্বশীল ও দেশপ্রেমিক মানুষ হিসেবে নিজেকে প্রস্তুত করছো তার ওপর। উচ্চমাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়ের ভর্তিযুদ্ধে সফল হতে হলে এখন থেকেই গভীর অধ্যবসায় ও কঠোর পরিশ্রম করতে হবে। অনুষ্ঠানে অন্যায়ের মাঝে আরও বক্তব্য রাখেন, নোবিপ্রবি ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ, প্রথম আলোর জেলা নিজস্ব প্রতিবেদক মাহবুবুর রহমান, প্রথম আলোর সিনিয়র রিপোর্টার টিপু সুলতান ও রাষ্ট্রীয় পুরস্কার বিজয়ী নোয়াখালীর সাবেক দ্রুততম মানব রকিবুল্লাহ আক্তার মিলন প্রমুখ।
১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি পালিত হয়েছে। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাংলোস্থ পুকুরে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী এ কর্মসূচির উদ্বোধন করেন। নোবিপ্রবির এস্টেট এন্ড হাউজিং শাখা আয়োজিত কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন ও এস্টেট এন্ড হাউজিং শাখার ম্যানেজার (অতিরিক্ত দায়িত্ব) আ. শ. ম. শরিফুর রহমান সহ শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।
১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পরিসংখ্যান বিভাগের ৫ম ব্যাচের শিক্ষার্থীদের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর ২০২৬) পরিসংখ্যান বিভাগের আয়োজনে বীরশ্রেষ্ঠ শহিদ মো. রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আমরা যে গবেষণার কাজই করিনা কেনো, পরিসংখ্যানের ব্যবহার এবং অ্যানালাইসিস ছাড়া তা সম্ভব নয়। অ্যাকাডেমিক ক্ষেত্রে গবেষণার যে কাজগুলো আমরা করি তাতে অ্যানালাইসিসের অংশগুলো পরিসংখ্যানের মাধ্যমেই করতে হয়। তাই এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়ে যারা গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছে তাদের অভিনন্দন। উপাচার্য আরও বলেন, শিক্ষার্থীরাই আমাদের মূল চালিকাশক্তি, তাই শিক্ষার্থীদের কল্যাণে আমাদের নিবেদিত থাকতে হবে। তোমরা যেখানেই থাকবে নোবিপ্রবির মর্যাদা অক্ষুণ্ণ রাখবে। এ সময় উপাচার্য বিদায়ী শিক্ষার্থীদের পেশাগত উন্নয়নের ক্ষেত্রে অ্যাকাডেমিক জ্ঞানকে কাজে লাগিয়ে দেশের কল্যাণে কাজ করার আহ্বান জানান।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘ক্যাশলেস ক্যাম্পাস’ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর ২০২৬) উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, পিএলসি (UCB) ও নোবিপ্রবির যৌথ উদ্যোগে এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভায় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, শিক্ষার্থীদের জন্য আধুনিক ও সহজতর পেইমেন্ট ব্যবস্থা নিশ্চিত করতে এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এর মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা ফি জমাদানসহ আর্থিক বিভিন্ন কাজ ক্যাশলেস ও সহজভাবে সম্পাদন করতে পারবে। উপাচার্য আরও বলেন, এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংকে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে সময় নষ্ট করতে হবে না এবং একটি নিরাপদ ও প্রযুক্তিনির্ভর ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের কষ্ট লাঘব হবে। এ সময় একটি আধুনিক, স্মার্ট ও শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস বিনির্মাণে সবার সহযোগিতা কামনা করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। উল্লেখ্য, ক্যাশলেস প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীরা ঘরে বসেই টিউশন ফি, ভর্তি ফি, পরীক্ষার ফিসহ বিভিন্ন ধরনের ফি জমা দিতে পারবে। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস, ডেবিট ও ক্রেডিট কার্ড, অনলাইন ব্যাংকিংসহ বিভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে এ সেবা পাওয়া যাবে।
১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার্সে ১৫০ কেভিএ ডিজেল জেনারেটর এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর ২০২৬) এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ জেনারেটরের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার্স, উপাচার্য মহোদয়ের বাংলো, ভিআইপি গেস্ট হাউজসহ আবাসিক এলাকায় জরুরী বিদ্যুৎ সরবরাহ করা হবে। উদ্বোধনকালে নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হাছান উদ্দীনসহ শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।
১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিশ্ব পর্যটন দিবস-২০২৬ পালিত হয়েছে। এ উপলক্ষে রবিবার (২৭ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। দিবসটি উপলক্ষে এদিন বেলায় উড়িয়ে ও কেক কেটে কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র্যালি বের করা হয়। এতে অংশগ্রহণ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। এ প্রসঙ্গে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, বিশ্ব পর্যটন দিবস পালনের উদ্দেশ্য হলো আন্তর্জাতিক সম্প্রদায় এবং এ খাতের সঙ্গে সংশ্লিষ্ট সামাজিক ও অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের একটি মেলবন্ধন গড়ে তোলা। আমাদের দায়িত্ব হলো ঐতিহ্য রক্ষা করে পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা। এ সময় বৈদেশিক মুদ্রা আয়সহ দেশের অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও জীবনযাত্রার মানোন্নয়নে পর্যটন শিল্পের প্রসারে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪